

# 💵 রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১১৫৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৪৭]

৮/ বিভিন্ন নেক আমলের ফ্যীলত প্রসঙ্গে (كتاب الفضائل)

পরিচ্ছেদঃ ২১০: জুমার দিনের মাহাত্ম্য ও গুরুত্ব

(210) بَابُ فَضْل يَوْم الْجُمُعَةِ وَوُجُوْبِهَا وَالْإِغْتِسَالِ لَهَا

### আরবী

بَابُ فَضْلِ يَوْمِ الْجُمُّعَةِ وَوُجُوْبِهَا وَالْإِغْتِسَالِ لَهَا وَالْإِغْتِسَالِ لَهَا وَالنَّامُ عَلَيْهِ وَسَلَّمَ وَالتَّطُيُّبِ وَالتَّطُيُّبِ وَالتَّبِّكِيْرِ إِلَيْهَا وَالدُّعَاءِ يَوْمَ الْجُمُّعَةِ وَالصَّلَاةِ عَلَى النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالتَّامُ وَلَيْهِ وَبَيَانِ سَاعَةِ الْإِجَابَةِ وَاسْتِحْبَابِ إِكْتَارِ ذِكْرِ اللهِ بَعْدَ الْجُمُّعَةِ

#### বাংলা

জুমার জন্য গোসল করা, সুগন্ধি ব্যবহার করা, সকাল সকাল মসজিদে যাওয়া, এ দিনে দো'আ করা, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর দর্মদ পড়া ও এ দিনের কোন এক সময়ে দো'আ কবুল হওয়ার বিবরণ এবং জুমার পর বেশী বেশী মহান আল্লাহর যিকির করা মুস্তাহাব

মহান আল্লাহ বলেছেন,

قَالَ الله تَعَالَى: ﴿ فَإِذَا قُضِيَتِ الصَّلَاةُ فَانْتَشِرُوا فِي الْأَرْضِ وَابْتَغُوا مِنْ فَضْلِ اللَّهِ وَاذْكُرُوا اللَّهَ كَثِيرًا لَعَلَّكُمْ تُفْلِحُونَ ﴾ (الجمعة: ١٠)

অর্থাৎ অতঃপর নামায সমাপ্ত হলে তোমরা পৃথিবীতে ছড়িয়ে পড় এবং আল্লাহর অনুগ্রহ সন্ধান কর ও আল্লাহকে অধিক-রূপে স্মরণ কর; যাতে তোমরা সফলকাম হও। (সূরা জুমআ ১০ আয়াত)

১/১১৫৪। আবৃ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যার উপর সূর্য উদিত হয়েছে তার মধ্যে সর্বশ্রেষ্ঠ দিন হল জুমার দিন। এই দিনে আদমকে সৃষ্টি করা হয়েছে, এই দিনে তাঁকে জান্নাতে স্থান দেওয়া হয়েছে এবং এই দিনেই তাঁকে জান্নাত থেকে বের করে দেওয়া হয়েছে।" (মুসলিম)[1]



## **English**

(210) Chapter: The Excellence of Friday Prayer

Allah, the Exalted, says:

"Then when the (Jumu`ah) Salat is ended, you may disperse through the land, and seek the Bounty of Allah (by working), and remember Allah much: that you may be successful." (62:10)

Abu Hurairah (May Allah be pleased with him) reported:

The Messenger of Allah (ﷺ) said, "The best day on which the sun has risen is Friday. On that day Adam was created, he was admitted to Jannah, and he was expelled therefrom."

[Muslim].

Commentary: This Hadith tells us of the excellence of Jumu`ah. Many achievements were made on this day which also go to prove its excellent position in Islam.

## ফুটনোট

[1] মুসলিম ৮৫৪, তিরমিয়ী ৪৮৮, ৪৯১, নাসায়ী ১৩৭৩, ১৪৩০, আহমাদ ৭৬৩০, ৮১৪১, ৯৯৩০, ১০১৬৭, ১০২৬৭, ১০৫৮৭, ২৭৬০৮, ২৭২৩৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন